

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৭, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ, ১৮ই কার্তিক, ১৪০৭বাং/২রা নভেম্বর, ২০০০ইং।

এস, আর, ও, নং-৩৩০-আইন/২০০০/২৯৬-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ২৪-০২ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ২৪০২-২০-০০ সংশ্লিষ্ট কলাম (৩) তে বর্ণিত তামাকযুক্ত সিগারেট এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুষ্ক আদায়ের উদ্দেশ্যে আগামী ১লা সেপ্টেম্বর, ২০০১ইং তারিখ হইতে উক্ত সিগারেটের মোড়কের গায়ে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত মূল্যমানের বিশেষ আকার ও ডিজাইনের স্ট্যাম্প (Stamp) ব্যবহার করার নির্দেশ প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ জহুরুল হক
প্রথম সচিব (মূসক-১)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৩৭৯)

মূল্যঃ টাকা ১-০০